

কৃষিই সমৃদ্ধি



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বা/এ, ঢাকা

নির্মাণ বিভাগ

www.badc.gov.bd



নম্বর ১২.০৬.০০০০.২৫৫.৯৯.০০৮.১৭.১৪

সর্বোচ্চ অগ্রাধিকার

তারিখ: ২৭ শ্রাবণ ১৪২৯

১১ আগস্ট ২০২২

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: দেশের বর্তমান জ্বালানী সংকটময় পরিস্থিতিতে বিদ্যুৎ ব্যবহারে মিতব্যয়িতা অবলম্বন।

কোভিড ও বর্তমান বিশ্ব পরিস্থিতির কারণে বর্তমানে দেশে বিদ্যুৎ ও জ্বালানী সংকট চলমান। এর পরিপ্রেক্ষিতে ইতোমধ্যে দেশব্যাপী বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়ী হওয়ার জন্য সরকার হতে নির্দেশনা প্রদান করা হয়েছে এবং সরকারী সিদ্ধান্তের প্রেক্ষিতে প্রতিদিন ০১-০২ ঘন্টা লোডশেডিং হচ্ছে। এমতাবস্থায় বিএডিসি'র সদর দপ্তর ও মাঠপর্যায়ে বিদ্যুৎ ব্যবহারে মিতব্যয়ী হওয়ার জন্য নিম্নবর্ণিত বিষয়গুলো অনুসরণ করার বিষয়ে সিদ্ধান্ত হয়েছে;

ক. প্রতিটি কক্ষ দিনের আলোর সর্বোচ্চ ব্যবহার করতে হবে।

খ. কৃষি ভবনে নতুন AC স্থাপনের পূর্বে নির্মাণ বিভাগের অনুমোদন গ্রহণ করতে হবে।

গ. লোডশেডিং এর সময়ে জেনারেটরের জ্বালানী ব্যয় হ্রাসকল্পে AC ব্যবহারকারীগণ নিজ দায়িত্বে নিজ নিজ কক্ষের AC বন্ধ রাখবেন।

ঘ. কৃষি ভবন ও মাঠ পর্যায়ের সকল দপ্তরে প্রতিটি কক্ষে বৈদ্যুতিক বাতির ব্যবহার ন্যূনতম ৫০% হ্রাস করতে হবে।

ঙ. কৃষি ভবনসহ সকল মাঠপর্যায়ের দপ্তরে করিডোরে ০২ টির বেশি বৈদ্যুতিক বাতি স্থাপন করা যাবে না।

চ. জেনারেটর চলমান অবস্থায় কৃষি ভবনের মোট ০৬ টি লিফট এর মধ্যে ০২ টি লিফট চলমান থাকবে।

এমতাবস্থায়, উপরে বর্ণিত নির্দেশনাসমূহ বিএডিসি'র সদর দপ্তর ও মাঠ পর্যায়ের সর্বোচ্চ আন্তরিকতার সাথে অনুসরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো। এ বিষয়ে চেয়ারম্যান, বিএডিসি মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

১১-৮-২০২২

পরিতোষ কুমার কুন্ডু

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) প্রধান প্রকৌশলী (ক্ষুদ্র সেচ/নির্মাণ/সওকা), বিএডিসি, ঢাকা।
- ২) মহাব্যবস্থাপক/ প্রধান/ নিয়ন্ত্রক পর্যায়ের কর্মকর্তাগণ
- ৩) অতিরিক্ত মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
- ৪) সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
- ৫) একান্ত সচিব, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন